## জাতীয় জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার নির্ণয় ও প্রশিক্ষণ কেন্দ্র
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
শাহবাগ, ঢাকা – ১০০০।

### "ইলেকট্রনিক ডাটা ট্রাকিংসহ জনসংখ্যাভিত্তিক জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার নির্ণয় কর্মসূচি" শীর্ষক প্রকল্পের আওতায় ড্রামা, ফিলার ও বিজ্ঞাপন তৈরি এবং প্রচারণা কার্যক্রমের কার্যপরিধি [TERMS OF REFERENCE (TOR)]

**ক. প্রকল্পের বিবরণী:**

| | | | |
|---|---|---|---|
| ১ | **প্রকল্পের নাম** | : | ইলেকট্রনিক ডাটা ট্রাকিংসহ জনসংখ্যাভিত্তিক জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার নির্ণয় কর্মসূচি |
| ২ | **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** | : | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ৩ | **বাস্তবায়নকারী সংস্থা** | : | বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় |

**৪. প্রকল্পের পটভূমি:**

বাংলাদেশে প্রতিবছর নতুনভাবে প্রায় ৮,২৬৮ জন মহিলা জরায়ু-মুখ ক্যান্সারে আক্রান্ত হয় এবং ৪,৯৭১ জন মহিলা মারা যায়। একইভাবে বাংলাদেশে প্রতিবছর নতুনভাবে প্রায় ১৩,০২৮ জন মহিলা স্তন ক্যান্সারে আক্রান্ত হয় এবং ৬,৭৮৩ জন মহিলা মারা যায়। জরায়ু-মুখ ও স্তন ক্যান্সারে আক্রান্ত রোগীর বেঁচে থাকা অনেকাংশে নির্ভর করে, প্রাথমিক পর্যায়ে রোগ নির্ণয় ও কার্যকরী চিকিৎসা প্রদানের উপর।

অনেক ক্যান্সার দেরিতে শনাক্ত হলেও জরায়ু-মুখ ক্যান্সার ও স্তন ক্যান্সার প্রাথমিক অবস্থাতেই নির্ণয় সম্ভব। জরায়ু-মুখ ক্যান্সারের জন্য ভায়া (VIA) ও স্তন ক্যান্সারের জন্য (CBE) কে স্ক্রীনিং কর্মসূচির জন্য উপযোগী বিবেচনা করে সরকার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ও UNFPA- এর কারিগরি সহায়তায় বাংলাদেশ সরকার পর্যায়ক্রমে মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা হাসপাতাল, মা ও শিশু কল্যাণ কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার স্ক্রীনিং কর্মসূচি সেবা সম্প্রসারিত করেছেন। প্রত্যেক স্ক্রীনিংকৃত মহিলার তথ্য সংরক্ষণ ও ট্র্যাকিংয়ের মাধ্যমে পজিটিভ রোগীদের চিকিৎসা, ব্যবস্থাপনা ও ফলোআপ নিশ্চিত করতে এবং জনসংখ্যা ভিত্তিক স্ক্রীনিং প্রোগ্রাম (Organized Population based screening program) গড়ে তোলা হয়। আর এই কার্যক্রমে কারিগরি সহায়তা প্রদান করে আসছে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের "জাতীয় জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার নির্ণয় ও প্রশিক্ষণ কেন্দ্র"।

প্রকল্পের আওতায় ৩০-৬০ বছর বয়সী বিবাহিত মহিলাদের ৫ বছর পর পর নিকটস্থ স্বাস্থ্য কেন্দ্রে VIA (Visual Inspection of cervix with Acetic acid) এবং CBE (Clinical Breast Examination) স্ক্রীনিং পরীক্ষার জন্য আহ্বান করা হয়। স্ক্রীনিং এ VIA পরীক্ষার ফলাফল পজিটিভ হলে মহিলাদের কল্‌পোস্কোপ/মিনি- কল্‌পোস্কোপ দ্বারা মূল্যায়ন করে যথাযথ চিকিৎসা দেয়া হয়। জরায়ু-মুখের ক্যান্সারপূর্ব অবস্থা শনাক্ত হলে একই ভিজিটে চিকিৎসা ("দেখা এবং চিকিৎসা"/ "See and treat") সম্ভব।

বাংলাদেশ সরকার এই দুইটি ক্যান্সার প্রাথমিক অবস্থায় নির্ণয়ের হার বৃদ্ধির লক্ষ্যে ৩০-৬০ বছর বয়সী সকল বিবাহিত মহিলাদের স্ক্রীনিংয়ের আওতায় আনার উদ্যোগ গ্রহণ করেছে। সেলক্ষ্যে প্রায় ৩ কোটি মহিলাকে ২০৩০ সালের মধ্যে স্ক্রীনিংয়ের আওতায় আনা প্রয়োজন। স্ক্রীনিংয়ের পরিধি বৃদ্ধির লক্ষ্যে প্রকল্পের পক্ষ হতে নানা সচেতনতামূলক কার্যক্রম, যেমন-স্বাস্থ্য ক্যাম্প, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার, মাইকিং, বিলবোর্ড স্থাপন, মোবাইলে ম্যাসেজ প্রদান, উঠান বৈঠকসহ নানা বিধ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। তবে দ্রুত সময়ে সকল শ্রেণী-পেশার মানুষের কাছে বার্তা পৌছতে টিভি, সোশ্যাল মিডিয়া সহ অন্যান্য ইলেক্ট্রনিক মিডিয়ায় ব্যাপক হারে প্রচার প্রয়োজন।

**৫. প্রকল্পের কার্যক্রম:**

- বাংলাদেশে জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার স্ক্রীনিং, ব্যবস্থাপনা এবং ফলো-আপের জন্য কার্যকর রেফারাল পদ্ধতি প্রতিষ্ঠা করে মহিলাদের ক্যান্সারজনিত মৃত্যুহার হ্রাস করা।
- সকল উপজেলা স্বাস্থ্য কেন্দ্র, জেলা হাসপাতাল ও মেডিকেল কলেজ হাসপাতালে স্ক্রীনিং ব্যবস্থাপনা চালু করা।
- ৩৭টি মেডিকেল কলেজ হাসপাতাল ও নির্বাচিত জেলা হাসপাতালে রেফারাল কেন্দ্র কার্যকর করা।
- সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানে ইলেকট্রনিক ডাটা ট্রাকিংসহ রেফারাল ব্যবস্থাপনার মাধ্যমে স্বাস্থ্যকর্মীদের জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার স্ক্রীনিং কর্মসূচি সেবা প্রদানে দক্ষতা বৃদ্ধি করা।
- বিএসএমএমইউ-এর 'জাতীয় জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার স্ক্রীনিং ও প্রশিক্ষণ কেন্দ্র' এর ইলেকট্রনিক ডাটা ট্র্যাকিংসহ জরায়ুমুখ ও স্তন ক্যান্সার স্ক্রীনিং সেবা (স্ক্রীনিং, কল্পোস্কোপি ও চিকিৎসা সুবিধাদি) শক্তিশালী করা।
- কমিউনিটি ও স্বাস্থ্য পেশাদারীদের মধ্যে জনসংখ্যা ভিত্তিক স্ক্রীনিং সেবা ব্যবহারের জন্য সচেতনতা বৃদ্ধি করা।
- কমিউনিটি ও উপজেলা পর্যায়ে জনসচেতনতা বৃদ্ধি এবং বেশি সংখ্যক মহিলাদের স্ক্রীনিং কভারেজ বৃদ্ধির লক্ষ্যে ভায়া ও সিবিই ক্যাম্প আয়োজন করা।

- জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট, পোস্টার, বিলবোর্ড, ব্যানার, ফ্লিপচার্টসহ নানাবিধ তথ্যবহুল সরঞ্জাম প্রস্তুত করা।
- জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার স্ক্রীনিং বিষয়ে বিভিন্ন ধরনের গবেষণা কর্ম সম্পাদন করা।

**খ. নির্মান ও প্রচার প্রতিষ্ঠানের কার্যপরিধি**

৬. **ডকুড্রামা, ফিলার ও বিজ্ঞাপন প্রণয়ন ও প্রচার:** নিম্নোক্ত বিষয় বিবেচনায় কাজগুলো সম্পাদন ও প্রচার করতে হবে।

- উপজেলা পর্যায়ে ভায়া ও সিবিই কেন্দ্রে নার্স ও ডাক্তারের অবদান তুলে ধরতে হবে।
- জেলা পর্যায়ের রেফারাল কেন্দ্রে নার্স ও ডাক্তারের অবদান তুলে ধরতে হবে।
- রেফারাল কার্যক্রমে ইলেক্ট্রনিক ডাটা ট্রাকিং ব্যবস্থার ভূমিকাকে তুলে ধরতে হবে।
- দর্শকের গ্রহণযোগ্যতা থাকবে, বাস্তবতার ছোঁয়া থাকবে, সচেতনতা বাড়ানোর জন্য ম্যাসেজ থাকবে, স্ক্রীনিংয়ের প্রয়োজনীয়তা ও ক্যান্সারের ভয়ভহতাকে ফুটিয়ে তুলতে হবে।

বিষয়ভিত্তিক বৈশিষ্টসমূহ নিম্নরূপ:

**৬.১ ডকুড্রামা:**

- ব্যাপ্তি: ২০-২৫ মিনিট
- সংখ্যা: ১
- ডকুড্রামাটি স্ক্রীনিং সেবা গ্রহণ করে সুস্থ-স্বাভাবিক জীবনযাপন করছেন এমন মহিলার জীবনকে উপস্থাপন করতে হবে।
- সেবা গ্রহণ না করে দূর্বিসহ জীবন যাপন করছেন এমন একজনের জীবন তুলে ধরতে হবে।
- কমিউনিটি পর্যায়ে স্ক্রীনিং এর পরিধি বাড়াতে মাঠকর্মীদের অবদানকে সুন্দর ও সাবলীল ভাবে উপস্থাপন করতে হবে। উঠানবৈঠক, স্বাস্থ্য ক্যাম্প, মসজিদে মাইকিংয়ের মত বিষয়গুলো তুলে ধরতে হবে।
- একইসাথে কমিউনিটি পর্যায় থেকে শুরু করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জেলা হাসপাতাল, মেডিকেল কলেজ হাসপাতাল ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের জরায়ু-মুখ ও স্তন ক্যান্সারের স্ক্রীনিং, চিকিৎসা ও রেফারাল কার্যক্রমের একটি বাস্তবিক চিত্র ফুটিয়ে তুলতে হবে।
- ক্যান্সার হওয়ার পূর্বেই স্ক্রীনিংয়ের মাধ্যমে প্রি-ক্যান্সার শনাক্ত করে মহিলাদের জীবন বাচানোয় কীভাবে সরকারের এই উদ্যোগ ভূমিকা রাখছে সেটাকে একটি ধারাবাহিক গল্পের মাধ্যমে তুলে ধরতে হবে। গল্পটিকে রসাত্মক, তথ্যবহুল ও আকর্ষণীয়ভাবে উপস্থাপন করতে হবে।
- মূল চরিত্রসমূহে এ-গ্রেডের অভিনেতা/অভিনেত্রী ব্যবহার করতে হবে।
- মানসম্মত স্ক্রিপ্ট প্রদান করতে হবে।
- ১বার করে ৩টি উচ্চ টিআরপির মিডিয়া টিভি চ্যানেলে এবং কোম্পানির নিজস্ব ইলেক্ট্রনিক সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করতে হবে।
- কোম্পানির মান, প্রদেয় স্ক্রিপ্ট, প্রস্তাবিত অভিনেতা/অভিনেত্রী, প্রস্তাবিত মিডিয়ার মান বিবেচনায় সিদ্ধান্ত গৃহীত হবে।

**৬.২ ফিলার-১:**

- সংখ্যা: ১
- ব্যাপ্তি: ±১ মিনিট
- ফিলারটি স্তন ক্যান্সার সচেতনতা বৃদ্ধির জন্য নির্মিত হবে।
- স্তন ক্যান্সারের লক্ষণ, কারন ও প্রতিকার সংক্ষেপে তুলে ধরতে হবে।
- স্ক্রীনিং কেন্দ্রে আসার আহবান থাকতে হবে।
- ফিলারটি সরকারি স্বাস্থ্যকেন্দ্রের নিজস্ব ডিসপ্লেগুলোতে প্রচার করা হবে। নির্মিত ফিলার হতে হাসপাতালে আগত জনসাধারণ স্বল্প সময়ে উদ্দিষ্ট তথ্য সংগ্রহ করতে পারতে হবে।
- মূল চরিত্রসমূহে এ-গ্রেডের অভিনেতা/অভিনেত্রী ব্যবহার করতে হবে।
- মানসম্মত স্ক্রিপ্ট প্রদান করতে হবে।
- সোশ্যাল মিডিয়া বুস্টিং ও কোম্পানির নিজস্ব ইলেক্ট্রনিক সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করতে হবে।
- কোম্পানির মান, প্রদেয় স্ক্রিপ্ট, প্রস্তাবিত অভিনেতা/অভিনেত্রী, প্রস্তাবিত মিডিয়ার মান বিবেচনায় সিদ্ধান্ত গৃহীত হবে।

**৬.৩ ফিলার-২:**

- সংখ্যা: ১
- ব্যাপ্তি: ±২ মিনিট

- ফিলারটি জরায়ু-মুখ ক্যান্সার সচেতনতা বৃদ্ধির জন্য নির্মিত হবে।
- জরায়ু-মুখ ক্যান্সারের পূর্বলক্ষণ, কারন ও প্রতিকার সংক্ষেপে তুলে ধরতে হবে।
- স্ক্রীনিং কেন্দ্রে আসার আহবান থাকতে হবে।
- ফিলারটি সরকারি স্বাস্থ্যকেন্দ্রের নিজস্ব ডিসপ্লেগুলোতে প্রচার করা হবে। নির্মিত ফিলার হতে হাসপাতালে আগত জনসাধারণ স্বল্প সময়ে উদ্দিষ্ট তথ্য সংগ্রহ করতে পারতে হবে।
- মূল চরিত্রসমূহে এ-গ্রেডের অভিনেতা/অভিনেত্রী ব্যবহার করতে হবে।
- মানসম্মত স্ক্রিপ্ট প্রদান করতে হবে।
- সোশ্যাল মিডিয়া বুস্টিং ও কোম্পানির নিজস্ব ইলেক্ট্রনিক সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করতে হবে।
- কোম্পানির মান, প্রদেয় স্ক্রিপ্ট, প্রস্তাবিত অভিনেতা/অভিনেত্রী, প্রস্তাবিত মিডিয়ার মান বিবেচনায় সিদ্ধান্ত গৃহীত হবে।

৬.৪ **বিজ্ঞাপন-১:**

- সংখ্যা: ১
- ব্যাপ্তি: ±২০ সেকেন্ড
- বিজ্ঞাপনটি স্তন ক্যান্সার সচেতনতা বৃদ্ধির জন্য নির্মিত হবে।
- মানসম্মত স্ক্রিপ্ট প্রদান করতে হবে।
- আকর্ষনীয় জিঙ্গেল বা স্লোগান নির্ভর হতে হবে।
- মূল চরিত্রসমূহে এ-গ্রেডের অভিনেতা/অভিনেত্রী ব্যবহার করতে হবে।
- ১৫ মিনিট করে ২টি উচ্চ টিআরপির নিউজ চ্যানেল, সোশ্যাল মিডিয়া বুস্টিং ও কোম্পানির নিজস্ব ইলেক্ট্রনিক সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করতে হবে।
- কোম্পানির মান, প্রদেয় স্ক্রিপ্ট, প্রস্তাবিত অভিনেতা/অভিনেত্রী, প্রস্তাবিত মিডিয়ার মান বিবেচনায় সিদ্ধান্ত গৃহীত হবে।

৬.৫ **বিজ্ঞাপন -২:**

- সংখ্যা: ১
- ব্যাপ্তি: ±২০ সেকেন্ড
- বিজ্ঞাপনটি জরায়ু-মুখ ক্যান্সার সচেতনতা বৃদ্ধির জন্য নির্মিত হবে।
- মানসম্মত স্ক্রিপ্ট প্রদান করতে হবে।
- আকর্ষনীয় জিঙ্গেল বা স্লোগান নির্ভর হতে হবে।
- মূল চরিত্রসমূহে এ-গ্রেডের অভিনেতা/অভিনেত্রী ব্যবহার করতে হবে।
- ১৫ মিনিট করে ২টি উচ্চ টিআরপির নিউজ চ্যানেল, সোশ্যাল মিডিয়া বুস্টিং ও কোম্পানির নিজস্ব ইলেক্ট্রনিক সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করতে হবে।
- কোম্পানির মান, প্রদেয় স্ক্রিপ্ট, প্রস্তাবিত অভিনেতা/অভিনেত্রী, প্রস্তাবিত মিডিয়ার মান বিবেচনায় সিদ্ধান্ত গৃহীত হবে।

৭. **ভিডিওসমূহের কারিগরি বৈশিষ্ট্য:**

- ফরমেট: FHD (১৯২০X১০৮০) বা উচ্চতর রেজোলিউশন।
- ক্যামেরা: উচ্চ-রেজোলিউশনের ছবি তুলতে সক্ষম পেশাদার ডিজিটাল ক্যামেরা ব্যবহার করুন। উন্নত মানের জন্য 4K বা উচ্চতর ক্ষমতা সম্পন্ন ক্যামেরা ব্যবহার করা যেতে পারে।
- শব্দগ্রহণ: উচ্চ-মানের শব্দগ্রহণ সরঞ্জাম, মাইক্রোফোন, বুম মাইক এবং অডিও রেকর্ডার ব্যবহার করা যেতে পারে।
- আলোকসজ্জা: বাড়ির ভিতরে এবং বাইরে উভয় ক্ষেত্রেই সঠিক আলোর সরঞ্জাম ব্যবহার নিশ্চিত করতে হবে।
- সাজসরঞ্জাম, মেকআপ এবং পোশাক: নিশ্চিত করতে হবে যে সাজসরঞ্জাম এবং পোশাকগুলি ড্রামার সময়কাল এবং সেটিংয়ের জন্য উপযুক্ত। প্রযোজ্য হলে, চরিত্র এবং প্রেক্ষাপটের সাথে মেলানোর জন্য উপযুক্ত মেকআপ এবং পোশাক ব্যবহার করতে হবে।
- সাবটাইটেল এবং ক্যাপশন: বাংলা ও ইংরেজি ভাষায় দৃষ্টিনন্দন সাবটাইটেল বা ক্যাপশন ব্যবহার করতে হবে।
- কপিরাইট: কনটেন্টসমূহে ব্যবহৃত যে কোনও তৃতীয় পক্ষের সামগ্রীর জন্য সমস্ত প্রয়োজনীয় অনুমতি এবং কপিরাইট প্রাপ্ত করা হয়েছে তা নিশ্চিত করুন।

- ডিস্ট্রিবিউশন ফরম্যাট: টেলিভিশন, স্ট্রিমিং প্ল্যাটফর্ম, সোশ্যাল মিডিয়া বা ডিভিডি/ব্লু-রে সহ বিভিন্ন ডিস্ট্রিবিউশন চ্যানেলের জন্য উপযুক্ত বিভিন্ন ফরমেটে ডকুড্রামা প্রস্তুত করুন।

**৮. প্রতিষ্ঠান ও পরিচালকের যোগ্যতা:**

**৮.১ প্রতিষ্ঠানের যোগ্যতা:**

- কোম্পানির ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর রিটার্ন সার্টিফিকেট হালনাগাদ থাকতে হবে।
- ইনকর্পোরেশন সার্টিফিকেট এবং প্রবন্ধের মেমোরেন্ডাম (যদি প্রয়োজন হয়- শুধু লিমিটেড ফার্মের জন্য)।
- বিগত ৩ বছরের নিরীক্ষিত আর্থিক বিবৃতি- আয়ের বিবৃতি এবং ব্যালেন্স শিট এর আর্থিক স্থিতিশীলতা, তারল্য, ক্রেডিট স্ট্যান্ডিং এবং খ্যাতি ইত্যাদি নির্দেশ করার জন্য অনুলিপি (বহিরাগত নিরীক্ষক-চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট দ্বারা প্রস্তুত) প্রদান করতে হবে।
- কোম্পানির ব্রুশিয়ার প্রদান করতে হবে।
- ব্যাংক সলভেন্সি নূন্যতম ৭০-০০ লক্ষ টাকার হতে হবে।
- ট্রেড লাইসেন্সের অধীনে ৩ বছরের IEC কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতার সনদ প্রদান করতে হবে।

**৮.২ পরিচালকের যোগ্যতা:**

- প্রস্তাবিত পরিচালক/ পরিচালকগণের সাথে কোম্পানির অন্তত দুই বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ডকুড্রামা: গত দুই বছরে নূন্যতম মোট ৮০ লক্ষ টাকা, ফিলার: গত দুই বছরে নূন্যতম মোট ৩০ লক্ষ টাকা, টিভিসি: গত দুই বছরে নূন্যতম মোট ৩০ লক্ষ টাকা।
- প্রধান ক্লায়েন্টের তালিকা, কাজের তালিকা প্রদান করতে হবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ স্বাস্থ্য অধিদপ্তর/ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/ উক্ত মন্ত্রণালয়ের অধিনস্ত অনুরুপ প্রতিষথানের সাথে কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে।
- কোম্পানির নিজস্ব অফিস, সরঞ্জাম, এডিটিং ও মিডিয়া ম্যানেজিং টিম থাকতে হবে।
- পরিচালক, এডিটর, প্রধান চরিত্রের অভিনেতা, দলনেতা ইত্যাদি ব্যক্তিবর্গের বিস্তারিত সিভি প্রদান করতে হবে।

**৯. কাজ সম্পাদনের সময়:**

| ক্রম | কাজের নাম | প্রণয়নের সময় | তথ্য ও মন্ত্রণালয়ে অনুমোদন | প্রচারের সময় |
|---|---|---|---|---|
| ১ | ডকুড্রামা | চুক্তি সম্পাদনের ৩০ দিনের মধ্যে | চুক্তি সম্পাদনের ৪৫ দিনের মধ্যে | চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে |
| ২ | ফিলার-১ | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে | চুক্তি সম্পাদনের ৩০ দিনের মধ্যে | চুক্তি সম্পাদনের ৫০ দিনের মধ্যে |
| ৩ | ফিলার-২ | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে | চুক্তি সম্পাদনের ৩০ দিনের মধ্যে | চুক্তি সম্পাদনের ৫০ দিনের মধ্যে |
| ৪ | বিজ্ঞাপন-১ | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে | চুক্তি সম্পাদনের ৩০ দিনের মধ্যে | চুক্তি সম্পাদনের ৫০ দিনের মধ্যে |
| ৫ | বিজ্ঞাপন-২ | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে | চুক্তি সম্পাদনের ৩০ দিনের মধ্যে | চুক্তি সম্পাদনের ৫০ দিনের মধ্যে |

**১০. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:**

- প্রকল্প ও প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন কার্যক্রম সংশ্লিষ্ট তথ্যাদি
- প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন ফ্লিপচার্ট, ফেস্টুন, লিফলেট